বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন : ০২২২৩৩৮৩৬৩৭
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd
ওয়েবসাইট : www.krishibank.gov.bd

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(৪)/২০২৪-২০২৫/১৪৬৮ তারিখ: ২৯.০৯.২০২৪ খ্রি.

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকার ২২.০৯.২০২৪ খ্রি. তারিখের ১২২০ নং পত্রের মাধ্যমে উক্ত কার্যালয়ের দপ্তরী জনাব মোঃ ফখরুল ইসলাম (এফ-৫৪৭) এর ছেলে জনাব মোঃ সজিবুল ইসলাম কর্তৃক বাবার চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের স্বব্যাখ্যাত আবেদনপত্রটি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশসহ এ বিভাগে প্রেরণ করা হয়েছে, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব মোঃ ফখরুল ইসলাম (এফ-৫৪৭) বিগত ০৯.০৭.২০২৪ খ্রি. তারিখ কর্মস্থলে থাকাকালীন সময়ে হঠাৎ অসুস্থতা বোধ করায় চিকিৎসকের কাছে নেওয়া হলে চিকিৎসক বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা শেষে Acute Ischemic Stroke এর ফলে শরীর প্যারালাইজড হয়ে গিয়েছে বলে জানান। বর্তমানে তিনি সম্পূর্ণরূপে শয্যাশায়ী ও চলৎশক্তিহীন। চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল এবং পরিবারের পক্ষে ব্যয় বহন করা অত্যন্ত কষ্টসাধ্য হওয়ায় মানবিক দিক বিবেচনা করে সংশ্লিষ্ট কর্মচারীর ছেলে আর্থিক সাহায্যের প্রার্থনা করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ ফখরুল ইসলাম (এফ-৫৪৭), দপ্তরীর চিকিৎসার জন্য মানবিক সহায়তা হিসেবে স্বেচ্ছায় সহায়তা প্রদানের জন্য ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে বিনীত অনুরোধ করা হলো।

০৪। আর্থিক সহায়তা পাঠানোর ঠিকানা:

সঞ্চয়ী হিসাব নং: ৪১২১-০৩১০০০৩০৮৮
হিসাবের নাম: মোঃ ফখরুল ইসলাম
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্টাফ কলেজ শাখা, ঢাকা।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৯/০৯/২০২৪
(মোঃ জাহিদ হোসেন)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(৪)/২০২৪-২০২৫/১৪৬৮(১২৫০) তারিখ: ২৯.০৯.২০২৪ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/বোর্ড সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (মানবিক সাহায্য সংক্রান্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটের নোটিশ বোর্ড অংশে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ-কে অনুরোধ করা হলো)।
০৬. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)।
১১. নথি/মহানথি।

২৯.০৯.২০২৪
(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, ঢাকা
মিরপুর-১৩, ঢাকা-১২১৬।
ফোনঃ ৯০৩৩৩৪৪, ৯০০৫৩১০
e-mail: gmdhaka@krishibank.org.bd

সূত্র নং-বিকা(ঢাকা)প্রশা-০২(বিবিধ)/২০২৪-২০২৫/ ১২২০ তারিখ ঃ ২২.০৯.২০২৪ খ্রিঃ

উপমহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

এইচআরএমডি
তারিখ : ২৬/০৯/২৪
সমন্বয় :
উমুক/মুক :
উক/ক :
ডায়েরি নং:
উমব্য

বিষয় ঃ মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র কার্যালয়ের দপ্তরী জনাব মোঃ ফখরুল ইসলাম (ভঃতঃ সূচক নং এফ-৫৪৭) এর পুত্র জনাব মোঃ সাজিবুল ইসলাম এর নিকট হতে পিতার চিকিৎসার উদ্দেশ্যে মানবিক সাহায্যের একটি আবেদন পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)।

০২। বর্ণিত আবেদন অনুযায়ী অত্র কার্যালয়ের দপ্তরী জনাব মোঃ ফকরুল ইসলাম গত ০৯.০৭.২০২৪ খ্রিঃ তারিখে অফিসে কর্মরত অবস্থায় হঠাৎ শরীর খারাপ বোধ করায় তাকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া হলে জানা যায় যে, Acute Ischemic Stroke এর ফলে তার শরীর প্যারালাইজড হয়ে গিয়েছে। বর্তমানে তিনি সম্পূর্ণরূপে শয্যাশায়ী এবং এর চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল বিধায় তার পরিবারের পক্ষ্যে এই চিকিৎসা ব্যয় বহন করা প্রায় অসম্ভব। তাহার উন্নত চিকিৎসার উদ্দেশ্যে বিকেবি, স্টাফ কলেজ শাখায় পরিচালিত সঞ্চয়ী হিসাব নং- **(৪১২১-০৩১০০০৩০৮৮ মোঃ ফখরুল ইসলাম)** এর মাধ্যমে মানবিক আর্থিক সাহায্যের জন্য তার পুত্র কর্তৃক একখানা আবেদন দাখিল করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ ফখরুল ইসলাম (ভঃতঃ সূচক নং এফ-৫৪৭), দপ্তরী এর চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত উপরোক্ত সঞ্চয়ী হিসাবের মাধ্যমে মানবিক আর্থিক সাহায্যের আবেদনটি ব্যাংকের সকল স্তরের কর্মমর্তা/কর্মচারীগণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২২/৯/২৪
(মুহাম্মদ আক্তার হোসেন)
উপমহাব্যবস্থাপক

জনাব মাসুদ (SPO)

০৯/৯/২৪

১৯ আগস্ট, ২০২৪ ইং

উপমহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, ঢাকা।

বিষয় ঃ আর্থিক সহযোগিতার জন্য আবেদন।

প্রিয় মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমার পিতা জনাব মোঃ ফখরুল ইসলাম বিগত ৩৭ (সাইত্রিশ) বছর ধরে বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত। তিনি বর্তমানে পিয়ন পদে বাংলাদেশ কৃষি ব্যাংক বিভাগীয় কার্যালয়ে কর্মরত রয়েছেন। আমার পিতা গত ০৯/০৭/২০২৪ ইং তারিখে অফিসে কর্মরত অবস্থায় হঠাত শরীর খারাপ বোধ করায় তাকে ডাক্তারের কাছে নিয়ে গেলে, কর্তব্যরত ডাক্তার Acute Ischemic Stroke এর ফলে তার শরীর প্যারালাইজড হয়ে গিয়েছে বলে জানান। বর্তমানে আমার পিতা সম্পুর্নরুপে শয্যাশায়ী ও চলৎশক্তিহীন। এ সংশ্লিষ্ট চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল ও সময়সাপেক্ষ বিধায় আমার সীমিত আয়ের পরিবারের পক্ষে উক্ত ব্যয় বহন করা অত্যন্ত কষ্টসাধ্য এবং প্রায় অসম্ভব। আমার পিতার উন্নত চিকিৎসার জন্য মানবিক দৃষ্টিকোণ বিবেচনা করে যথাযথ আর্থিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমার পরিবারের আর্থিক দুরাবস্থা ও ব্যয়বহুল উন্নত চিকিৎসার কথা বিবেচনা করে মানবিক দৃষ্টিকোণ হতে আর্থিক সহযোগিতা প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করছি।

বিনীত নিবেদক

সাজিদুল

মো: সাজিদুল ইসলাম

সংযুক্তি ঃ চিকিৎসার সকল ডকুমেন্ট।

সঞ্চয়ী হিসাব নং- ৪১২২-০৩১০০০৬০৮৮
নাম: মোঃ ফকরুল ইসলাম
বাংলাদেশ কৃষি ব্যাংক,
স্টাফ কলেজ শাখা, ঢাকা।